

AP
স্বাক্ষরিত
১৫/১০/১৬
১৫/১০/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(সাধারণ শাখা)
www.sylhet.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯১০০.০১০.০৬.০০৪.১৫- ৭৭০ (২২০)

তারিখ: ২২ ভাদ্র ১৪২৩
০৫ সেপ্টেম্বর ২০১৬

বিষয় : সেপ্টেম্বর/২০১৬ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অংশগ্রহণ প্রসংগে।

সিলেট জেলার উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার জন্য আগামী ১৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সম্মেলন কক্ষে তাঁর সভাপতিত্বে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সেপ্টেম্বর/২০১৬ মাসের সভা অনুষ্ঠিত হবে।

০২। সভায় তাঁর দপ্তরের উন্নয়ন কার্যক্রমের (যাদের জন্য প্রযোজ্য) সর্বশেষ অগ্রগতির তথ্যসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। উক্ত সভার কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত জুলাই/২০১৬ মাসের কার্যবিবরণির স্ব স্ব দপ্তরের গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনসহ উন্নয়ন কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি আগামী ১৫/০৯/২০১৬ তারিখের মধ্যে সফট ও হার্ডকপি ই-মেইল (dcsylhet@gmail.com) ও ডাকযোগে (Nikosh ফটে টাইপকৃত) এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য যে, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর গত ০৮/০৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ নং পরিপত্রের আলোকে সেপ্টেম্বর/২০১৬ মাস হতে জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভা প্রতি মাসের তৃতীয় রবিবার সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। সভার নির্ধারিত তারিখে সাধারণ/সরকারি ছুটি থাকলে পরবর্তী প্রথম কার্যদিবস সভার আয়োজন করা হবে।

তারিখ: ২২ ভাদ্র ১৪২৩
০৫ সেপ্টেম্বর ২০১৬
Rakhi
(রাখী আইমেদ)
সহকারী কমিশনার
সিলেট।
০৫-২১-৭১৭৭৪৭ (অফিস)
generalsection304@gmail.com

সিলেট জেলার উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার জন্য আগামী ১৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সম্মেলন কক্ষে তাঁর সভাপতিত্বে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সেপ্টেম্বর/২০১৬ মাসের সভা অনুষ্ঠিত হবে।

- অনুলিপি : অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।
১. নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট। বর্ণিত তারিখে সভা অনুষ্ঠানের পূর্বে জেলা প্রশাসক মহোদয়ের সম্মেলন কক্ষে প্রস্তুত রাখা এবং ১৫০ জন সদস্যের চা চক্রের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
 ২. উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট। সংশ্লিষ্ট সভায় মাইক/সরবরাহসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
 ৩. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, সিলেট। সংশ্লিষ্ট সদস্যগণকে সভায় উপস্থিত থাকার জন্য স্থানীয় বেতারে রংল প্রচারের অনুরোধ করা হলো।
 ৪. সভাপতি, জেলা প্রেসক্লাব/সিলেট প্রেসক্লাব, সিলেট। বর্ণিত তারিখে সদস্যগণের সভায় উপস্থিত থাকার বিষয়টি ছোট পরিসরে স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
 ৫. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। জেলা প্রশাসকের ওয়েব সাইটে ক্ষুদ্র পরিসরে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধসহ।
 ৬. গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, সিলেট। জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য।
 ৭. গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মহোদয়ের সদয় অবগতির জন্য।